

Sl. No of Question Paper: 3762

Unique Paper Code: 72082802

Name of the Paper: MIL (Communication)

FC

Name of the Course: Ability Enhancement Compulsory Course-I  
Semester: I

Duration: 3 Hours

Maximum Marks: 75

1) শীতের ছুটিতে যে কোন স্থানে ঘুরতে যাওয়ার অভিজ্ঞতা নিয়ে বন্ধুকে একটি চিঠি লেখো।

15

অথবা

তুমি একটি কাপড়ের কোম্পানির বাণিজ্যিক কর্ণধার। কোন সুতো কোম্পানির বাণিজ্যিক কর্ণধারের কাছে থেকে সুতোর দাম-দর ও নমুনা চেয়ে একটি চিঠি লেখো।

2) কলেজ ক্যান্টিনে তোমরা তিনজন বন্ধু বসে আছো। কলেজ জীবনের অভিজ্ঞতা নিয়ে তিনজনের মধ্যে একটি কাল্পনিক সংলাপ রচনা কর।

15

অথবা

বাড়ি থেকে বাসে করে তুমি কলেজে যাচ্ছ। হটাৎ দেখলে বাসের মধ্যে একটি মেয়েকে দুজন লোক বিরক্ত করছে। - এই বিষয়টিকে মনে রেখে একটি কাল্পনিক সংলাপ রচনা কর।

3) কলেজ নির্বাচনে তুমি প্রেসিডেন্ট পদে দাঁড়িয়েছ। - এজন্য ছাত্রদের উদ্দেশ্য করে তুমি একটি বক্তৃতা রচনা কর।

15

অথবা

রক্তদানের প্রয়োজনীয়তা জানিয়ে তোমার কলেজের সহপাঠীদের উদ্দেশ্যে একটি বক্তৃতা রচনা কর।

4) নিম্নলিখিত বিষয়টি অবলম্বনে প্রশ্নের উত্তর দাও।

15

তাঁবুর বাইরে রাত্রি ঘুটঘুটে অন্ধকার। দুজনেই টর্চ ফেলে দেখলে - বন্য জন্তুর দল গাছপালা ভেঙে উর্ধ্বশ্বাসে উন্নতের মতো দিকবিদিক জ্ঞানশূন্য হয়ে ছুটে পশ্চিমের সেই ভীষণ জঙ্গল থেকে বেরিয়ে, পূর্বদিকের পাহাড়টার দিকে চলচে! হায়না, বেবুন, বুনো মহিষ। দুটো চিতাবাঘ তো ওদের গা ঘেঁষে ছুটে পালাল। আরো আসছে,

৪-৭-০

দলে দলে আসচে। ধাড়ি ও মাদি কালোবাস বাঁদর দলে দলে ছানা পোনা নিয়ে ছুটেচে, সবাই যেনো কোনো আকস্মিক বিপদের মুখ থেকে প্রানের ভয়ে ছুটেছে! আর সঙ্গে সঙ্গে দুরে কোথায় একটা অদ্ভুত শব্দ হচ্ছে - চাপা গম্ভীর মেঘ গর্জনের মতো শব্দটা, কিংবা দুরে কথাও যেন হাজারটা জয়টাক একসঙ্গে বাজচে।

ব্যাপার কী দুজনে দুজনের মুখের দিকে চাইলে। দুজনেই অবাক। আলভারেজ বললে - শংকর, আগুনটা ভালো করে জ্বালো, নয়তো বন্যজন্তুদের দল আমাদের তাঁবুসুদ্ধ ভেঙে মাড়িয়ে চলে যাবে।

- ক) আলোচ্য গল্পাংশে কোন কোন পশুর উল্লেখ আছে? 03
- খ) অন্ধকার রাত্রে কি হয়েছিল? 07
- গ) আলভারেজ কি বলেছিল? 03
- ঘ) অংশটির একটি শিরোনাম দাও। 02

5) নিম্নলিখিত অংশটির সারসংক্ষেপ রচনা কর। 15

রাজপুরের পাত্শালার, হিমালয়ের ঠিক পায়ের কাছটিতে বসে বিশ্রাম করছি। বরফের বাতাস দিয়ে ধোয়া তরুন প্রভাতে আকাশ জোড়া পাহাড়ের কোলে ছোটো এই শহরের ঘরে ঘরে জাগরনের সোনার কাঠি স্পর্শ করে যাচ্ছে। দক্ষিণে একটি গিরিনদী, গোপন গুহা থেকে স্বচ্ছ ধারাটি তার উপলখণ্ডের উপর দিয়ে, পুষ্পিত কুঞ্জের ভিতর দিয়ে, নেমে এসেছে তরল কল্লোলে পৃথিবীর বুকের উপর।